

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪২

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ সদাচার অব্যাহত রাখার গুরুত্ব

আরবী

وَعَن عَبْدِ اللهِ بْنِ عَمرِو بنِ العَاصِ رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ : قَالَ لِي رَسُولُ اللهِ عَلَيْ يَا عَبْدَ اللهِ لاَ تَكُنْ مِثْلَ فُلانِ كَانَ يَقُومُ اللَّيْلَ فَتَرَكَ قِيَامَ اللَّيْل متفقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

إِنَّ اللهَ لاَ يُغَيِّرُ مَا بِقَوْم حَتَّى يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ

অর্থাৎ, নিশ্চয় আল্লাহ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না; যতক্ষণ না তারা নিজেদের অবস্থা নিজেরা পরিবর্তন করে। (সূরা রা'দ ১১ আয়াত)

তিনি আরো বলেন,

وَلاَ تَكُونُوا كَالَّتِي نَقَضَت ْغَزْلَهَا مِنْ بَعْدِ قُوَّةٍ أَنْكَاثاً

অর্থাৎ, তোমরা সে নারীর মত হয়ো না, যে তার সুতা মজবুত করে পাকাবার পর ওর পাক খুলে নষ্ট করে দেয়। (সূরা নাহল ৯২ আয়াত)। তিনি আরো বলেন,

وَلاَ يَكُوْنُوا كَالَّذِينَ أُوتُوا الكِتَابَ مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ الْأَمَدُ فَقَسَتْ قُلُوبُهُمْ

অর্থাৎ, পূর্বে যাদেরকে কিতাব দেওয়া হয়েছিল তাদের মত তারা হবে না? বহুকাল অতিক্রান্ত হয়ে গেলে যাদের অন্তর কঠিন হয়ে পড়েছিল। (সূরা হাদীদ ১৬ আয়াত)

তিনি আরো বলেন.

فَمَا رَعَوْهَا حَقَّ رِعَايَتِهَا

অর্থাৎ, এটাও তারা যথাযথভাবে পালন করেনি। (সূরা হাদীদ ২৭ আয়াত)



(২৪২) আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আস (রাঃ) বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদা আমাকে বললেন, হে আব্দুল্লাহ! তুমি অমুকের মত হয়ো না, যে রাত্রে উঠে ইবাদত করত, অতঃপর সে রাতের (তাহাজ্জুদ) নামায ছেড়ে দিয়েছে। (বুখারী ১৯৫২, মুসলিম ২৭৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন